

জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক কেন্দ্রের ১৪ তম প্রতিষ্ঠা বার্ষিকী



‘জাগো সত্যের শুভ্র আলোয়, জাগো হে মিলিত প্রাণ’ স্লোগানকে সামনে রেখে আজ (২৫ ফেব্রুয়ারি ২০২০-মঙ্গলবার) জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক কেন্দ্রের ১৪ তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে পুনর্মিলনী ও নবীন বরণ ২০২০ অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক কেন্দ্রের সভাপতি ফাইয়াজ হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, চারুকলা বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান ড. বজলুর রশীদ খান এবং অধ্যাপক মোহাঃ আলপ্তগীন।

এসময় বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষিকা, নবীন শিক্ষার্থী সহ সংগঠনের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য অনুষ্ঠানের শুরুতে প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে উপাচার্যের নেতৃত্বে একটি আনন্দ র্যালি পুরো ক্যাম্পাস প্রদক্ষিণ করে।